গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২০৬

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৮
২৮ জুন ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

# দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

**তারিখঃ ২৮.০৬.২০২১ খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ টা**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

**২৮ জুন ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

সিলেট, ঢাকা, ফরিদপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার এবং অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**২৮ জুন ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিকঅবস্থাঃ** মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের উত্তরাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দূর্বল থেকে মাঝারী অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ** চট্টগ্রাম, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির প্রবনতা বৃদ্ধি পেতে পারে ।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.৬ | ৩৩.৮ | ৩৪.৫ | ৩৪.২ | ৩৫.৮ | ৩৪.২ | ৩৪.২ | ৩৪.২ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৬.৫ | ২৭.৪ | ২৬.০ | ২৫.৫ | ২৭.০ | ২৪.৬ | ২৬.৫ | ২৭.৩ |

**গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ও ঈশ্বরদী ৩৫.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা ডিমলা ২৪.৬° সেঃ। (সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)**

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- কুশিয়ারা ব্যতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৭২ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল, দক্ষিণ-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ, সিকিম, আসাম, মেঘালয় ও ত্রিপুরা প্রদেশের স্থানসমূহে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এর ফলে এই সময়ে দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার, ব্রহ্মপুত্র, উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকা এবং দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পার্বত্য অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ১৪ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ/২৮ জুন ২০২১খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

**বৃষ্টিপাতের তথ্যঃ**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| জাফলং | ১৬৬.০ | ছাতক | ১৩৫.০ | লালাখাল | ১২১.০ |
| সিলেট | ১০৪.০ | লরেরগড় | ৭৫.০ | সুনামগঞ্জ | ৭০.০ |
| শেওয়া | ৬১.০ | কানাইঘাট | ৫৭.০ | কুড়িগ্রাম | ৫১.০ |

গত ২৪ ঘন্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| চেরাপুঞ্জি | ৩১৬.০ | পাসিঘাট | ১৭২.০ | জলপাইগুড়ি | ৫৫.০ |

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৫১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি) |
| হ্রাস | ৪৬ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | **০৩** | **বিপদসীমার উপরে** | ০ |

**অগ্নিকান্ডের তথ্যঃ**

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৬ জুন, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৭ জুন, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৬ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতেরসংখ্যা নিম্নে দেওয়া হলঃ**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৭ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ২ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৫ | ০ | ০ |
| ৮। | খুলনা | ০ | ০ | ০ |
| | | | | |
| | **মোট** | **১৬** | **০** | **০** |

**বিস্ফোরণঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঢাকা টেলিফোনের মাধ্যমে জানিয়েছেন যে, ২৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ আনুমানিক সন্ধ্যা সাড়ে ৭ টায় মগবাজার ওয়্যারলেস এলাকায় একটি ভবনে বিকট শব্দে বিস্ফোরণের ঘটনা ঘটে। এ ঘটনায় মোট ৭ জন মৃত এবং আনুমানিক ৭০ জন আহত মর্মে খবর পাওয়া গেছে। বিস্তারিত তথ্য পরবর্তীতে জানা যাবে।

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ**

১। ২৭/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২৪৬ নম্বর স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কোভিড-১৯ উপলক্ষ্যে লকডাউন চলমান থাকায় দরিদ্র, দুঃস্থ, অস্বচ্ছল ও কর্মহীন জনগোষ্ঠীর মাঝে ৬৪টি জেলার অনুকূলে মোট ১১,৯৩,০০,০০০/- (এগার কোটি তিরানব্বই লক্ষ) টাকা মানবিক সহায়তাপ্রদান করা হয়েছে।

২। ২৭/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২৪৭ নম্বর স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কোভিড-১৯ উপলক্ষ্যে লকডাউন চলমান থাকায় দরিদ্র, দুঃস্থ, অস্বচ্ছল ও কর্মহীন জনগোষ্ঠীর মাঝে ৬৪টি জেলার অনুকূলে মোট ১১,৬৭,৭৫,০০০/- (এগার কোটি সাতষট্টি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা মানবিক সহায়তাপ্রদান করা হয়েছে।

৩। ২৩/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০১৫.১৮.২৩৮ ও ৫১.০০.০০০.৪২১.১৪.০১৫.১৮.২৩৯ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ২৪ রংপুর-৬ (পীরগঞ্জ উপজেলা) নির্বাচনী এলাকায় ও মেহেরপুর-১ (মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা) নির্বাচনী এলাকায় সাম্প্রতিক ঘূর্ণিঝড়/ শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্থদের বাড়ি-ঘর মেরামত/ পুনঃনির্মাণের লক্ষ্যে

মানবিক সহায়তা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত জেলাপ্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছেঃ

| ক্রঃ নং | জেলার নাম | ঢেউটিন বরাদ্দের পরিমাণ (বান্ডিল) | গৃহমঞ্জুরি বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১। | ২৪ রংপুর-৬ (পীরগঞ্জ উপজেলা) নির্বাচনী এলাকার জন্য | ২০০ (দুইশত) বান্ডিল | ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা |
| ২। | মেহেরপুর-১ (মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা) নির্বাচনী এলাকার জন্য | ২০০ (দুইশত) বান্ডিল | ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা |

২৮-৬-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা


ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com


স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২০৬/১(১৭১)

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৮
২৮ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২৮-৬-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা